



# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং: সাস্ট/ পিআর/০৩

তারিখ: ৫ ফেব্রুয়ারি, ২০১৯

## প্রেসবিজ্ঞপ্তি

### শাহজালাল বিশ্ববিদ্যালয়ে জাতীয় গ্রন্থাগার দিবস উদ্‌যাপন

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে জাতীয় গ্রন্থাগার দিবস ২০২০ উদ্‌যাপন করা হয়। আজ ৫ ফেব্রুয়ারি, ২০২০ তারিখ দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের নেতৃত্বে র্যালি অনুষ্ঠিত হয়। গ্রন্থাগার ও গ্রন্থ বিষয়ক বিভিন্ন স্লোগান সম্বলিত সুদৃশ্য প্ল্যাকার্ড ব্যানার নিয়ে র্যালিটি গ্রন্থাগার ভবনের সামনে থেকে শুরু হয়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষিণ করে গ্রন্থাগার ভবনের সামনে এসে শেষ হয়। র্যালিতে অংশগ্রহণ করেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, ছাত্র উপদেষ্টা ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্কুলের ডিনবন্দ, বিভাগীয় প্রধান ও দপ্তর প্রধানবন্দ, জাতীয় গ্রন্থাগার দিবস উদ্‌যাপন কমিটির সদস্যবন্দ, বিভিন্ন বিভাগের শিক্ষকবন্দ, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীবন্দ।

বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ প্রধান অতিথির বক্তব্যে বলেন, এ বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরি বাংলাদেশের অন্যতম সেরা লাইব্রেরি। এখানে ছাপানো বইয়ের পাশাপাশি প্রচুর ই-রিসোর্স রয়েছে। শিক্ষার্থীদের উচিত আমাদের লাইব্রেরির যথাযথ ব্যবহার করা। তাদের বই পড়ার অভ্যাস বাড়াতে হবে। ই-বুক অথবা ছাপানো বই পড়তেই হবে। শুধুমাত্র নোটের উপর নির্ভর করে সঠিক শিক্ষা অর্জন করা সম্ভব হবে না। বর্তমানে তাদের মধ্যে লাইব্রেরির প্রতি ও বই পড়ার প্রতি অনাগ্রহ দেখা যায়। তাই ই-বুক বাড়ানোর উদ্যোগ নিয়েছি। শিক্ষার্থীদের সুবিধার জন্য যত ধরনের সুযোগ সুবিধা রয়েছে সেগুলোর ব্যবস্থা গ্রহণ করব।

বিশেষ অতিথি বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম বলেন, আমরা এখন লাইব্রেরিতে যেতে চাই না এবং লাইব্রেরি থেকে বই নিয়ে পড়তে চাই না। আমরা সংক্ষিপ্ত পথে জ্ঞানার্জন করতে চাই। লাইব্রেরি থেকে নিয়ে বই পড়া একটু কষ্টকর হলেও জ্ঞানের গভীরতার জন্য এর প্রয়োজন রয়েছে। এভাবে বই পড়লে ধৈর্যশক্তি বাড়বে যা দিয়ে জীবনে অনেককিছু অর্জন করা যায়।

এতে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সেন্টার অব এক্সিলেন্সের পরিচালক প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. এসএম সাইফুল ইসলাম, ভারপ্রাপ্ত লাইব্রেরিয়ান জনাব জিলুনাহার চৌধুরী।

অনুষ্ঠান সম্বলনা করেন জাতীয় গ্রন্থাগার দিবস উদ্‌যাপন কমিটির আহ্বায়ক প্রফেসর ড. মুশতাক আহমদ। তিনি র্যালিতে উপস্থিত অতিথি, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং শিক্ষার্থীবন্দকে ধন্যবাদ জানান।